



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.২৩১

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭

২৬ জুলাই ২০২০

বিষয়: রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন আলোকনগর মহিলা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নিয়োগের উপর মামলা হওয়ায় উক্ত পদে নিয়োগকৃত অধ্যক্ষের এমপিওভুক্তির বিষয়ে মতামত/নির্দেশনা প্রদান

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন আলোকনগর মহিলা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নিয়োগের উপর মামলা হওয়ায় নিয়োগকৃত অধ্যক্ষকে এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামতের জন্য জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন করেন।

মামলা বিষয়ে মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামত : রাজশাহী জেলার আলোক নগর মহিলা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে জনাব মো: আসাদুল ইসলাম-কে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করেন এবং এমপিওভুক্তির জন্য প্রেরণ করেন। এখানে নথি পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত কলেজের অধ্যক্ষ পদে নিয়োগের বিরুদ্ধে জনৈক মো: মকলেসুর রহমান গং সিনিয়র সহকারী জজ আদালত, রাজশাহীতে দেওয়ানী মোকদ্দমা নং-৮৯/২০১৮ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমাটি বিগত ২৪.০৪.২০১৯ তারিখে শুনানী শেষে মাননীয় আদালত খারিজ করেন। পরবর্তীতে খারিজ আদেশের বিরুদ্ধে জনাব মো: মকলেসুর রহমান গং জেলা জজ আদালত রাজশাহীতে আপিল মোকদ্দমা নং ৬৮/২০১৯ দায়ের করেন। উক্ত আপিল মোকদ্দমাটি বাদী পক্ষ কর্তৃক পরিচালনা না করার আবেদন দাখিল করলে মাননীয় আদালত বিগত ২৮.১০.২০১৯ তারিখে আপিল মামলাটি খারিজ করে দেন। এমতাবস্থায়, দেওয়ানী মোকদ্দমা নং ৮৯/২০১৮ এবং আপিল মোকদ্দমা নং ৬৮/২০১৯ খারিজ হওয়ায় বর্ণিত কলেজে অধ্যক্ষ পদে নিয়োগে কোন আইনগত বাঁধা নেই। যেহেতু, আলোক নগর মহিলা স্কুল এন্ড কলেজে অধ্যক্ষ পদে নিয়োগের বিরুদ্ধে দায়েরকৃত দুটি মামলাই খারিজ হয়েছে, সে কারণে অধ্যক্ষ পদে নিয়োগে কোন আইনগত বাধা নেই এবং বর্ণিত কলেজে নিয়োগকৃত অধ্যক্ষ জনাব মো: আসাদুল ইসলাম-কে এমপিওভুক্ত করতে হলে জনবল কাঠামোর বিধি-বিধান অনুসরণ করতে হবে।

এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

২৬-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

পরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.২৩১/১(২)

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭
২৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, আলোকনগর মহিলা স্কুল এন্ড কলেজ, বাগমারা, রাজশাহী;
- ২) সংরক্ষণ নথি।



২৬-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক